রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ৪৫ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৬, ২০১৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৫৩—৬৬০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪৬৩—১৫৩৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৮৯—১৯২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০২৯—২০৫৬ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) .......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ আশ্বিন ১৪২১/২৯ সেপ্টেম্বর ২০১৪

নং **০৫.০০.০০০০.১৮১.২৭.০০৩.১৩.৩৩৬।**যেহেতু, জনাব মোঃ রুহুল আমিন (পরিচিতি নং ১৬৩৬৮) বর্তমানে সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ, প্রাক্তন সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এর বিরুদ্ধে জনাব মোঃ শামসুল হক খন্দকার, অতিরিক্ত পুলিশ সুপার (অবঃ), বাড়ী নং ৬১, রোড নং ১, ব্লক নং এ, বসুন্ধরা আবাসিক এলাকা, থানা ভাটরা, ঢাকা কর্তৃক অভিযোগকারীর পুত্রবধু আসমা বিনতে হোসেন (ডায়না) অন্য একজনের স্ত্রী জানা সত্ত্বেও তাকে ০৮ (আট) মাসের শিশু সন্তানসহ গত ২০-০৭-২০১২ তারিখে অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক ফুসলিয়ে অপহরণ করে নিয়ে যাওয়া, তাকে অবৈধভাবে কক্সবাজারে আটক রেখে গত ২০-০৭-২০১২ তারিখ হতে অবৈধভাবে স্বামী-স্ত্রী হিসেবে বসবাস করা, একজন কর্মকর্তা হিসেবে অনুচিত এবং শিষ্টাচারহীন আচরণ করা ইত্যাদি অভিযোগে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতির পরিপ্রেক্ষিতে উক্ত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, উপর্যুক্ত অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(বি) অনুযায়ী তার বিরুদ্ধে "অসদাচরণ (Misconduct)"এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৯-০৬-২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০১৩.১২-২৪০ নম্বর স্মারকযোগে তার কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২১-০৭-২০১৩ তারিখে উক্ত কৈফিয়ত তলবের লিখিত জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে গত ০৮-১০-২০১৩ তারিখ তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে উভয়পক্ষের জবাব, দাখিলকৃত কাগজপত্র ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে ন্যায় বিচারের স্বার্থে বিষয়টি তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় জনাব সোলতান আহমদ (৪৫০৭), যুগ্মসচিব (তদন্ত-২), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, তদন্ত প্রতিবেদন, তথ্য-প্রমাণ ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তার স্ত্রী আসমা বিনতে হোসেন (ডায়না) তার স্বামী মেজর ওবয়েদকে নিজে ২০০৭ সালে তালাক প্রদান করে স্বেচ্ছায় জনাব মোঃ রুহুল আমিন (১৬৩৬৮)-কে ২০১০ সালে বিবাহ করেছেন। অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ রুহুল আমিন (১৬৩৬৮) কর্তৃক গত ২০-০৭-২০১২ তারিখ থেকে আসমা বিনতে হোসেন (ডায়না) অন্য একজনের স্ত্রী জানা সত্ত্বেও তাকে ০৮ (আট) মাসের শিশু সন্তানসহ ফুসলিয়ে নিয়ে কক্সবাজারে আটক রেখে অবৈধভাবে স্বামী-স্ত্রী হিসেবে বসবাস করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি। সার্বিক বিবেচনায়, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ রুহুল আমিন (১৬৩৬৮) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চূড়ান্ত মতামত অনুযায়ী তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ (Misconduct)" অভিযোগ প্রমাণিত হয়নি;

সেহেতু, জনাব মোঃ রুহুল আমিন (পরিচিতি নং ১৬৩৬৮) বর্তমানে সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ, প্রাক্তন সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে উক্ত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**মনিটরিং উইং-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৩ সেপ্টেম্বর ২০১৪

নং **২৫.০০.০০০০.০২৩.৩৫.০১৯.১৩-২৬৮**—বিজ্ঞ কোর্ট অব সেটেলমেন্ট এর মামলা নং-৮৯/৯১ এর রায় বাস্তবায়নার্থে সরকার এতদ্বারা বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, সেপ্টেম্বর ২৩, ১৯৮৬ এর ৯৭৬৪(১৭) নং পাতায় পরিত্যক্ত সম্পত্তির "খ" তালিকার ১৪নং ক্রমিকে প্রকাশিত পরিত্যক্ত বাড়ি নং এস/২৭, ব্লক-ডি, নুরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা পরিত্যক্ত সম্পত্তির "খ" তালিকা হইতে অবমুক্ত করিলেন।

২। এ অবমুক্তির পূর্ব পর্যন্ত বাড়িটি পরিত্যক্ত সম্পত্তির তালিকায় অন্তর্ভূক্ত থাকাকালীন সরকারের নিকট কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করা যাইবে না।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আকবর হোসেন**
যুগ্ম সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৮ ভাদ্র ১৪২১/০২ সেপ্টেম্বর ২০১৪

নং **৩১.০৩৬.০৩৩.০০.০০.১৪০.২০১৪-২১০**—১৯৯৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারাধীন ৭নং উপ-ধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রমিক নং | মৌজার নাম | জে,এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | হরিদেবপুর | ১৪ | রংপুর সদর | রংপুর |
| (২) | হরিপুর | ২২ | রংপুর সদর | রংপুর |
| (৩) | পক্ষিফান্দা | ২৭ | রংপুর সদর | রংপুর |
| (৪) | কামদেবপুর | ২৯ | রংপুর সদর | রংপুর |
| (৫) | দেবীপুর | ৩২ | রংপুর সদর | রংপুর |
| (৬) | বারঘড়িয়া | ৩৬ | রংপুর সদর | রংপুর |

| ক্রমিক নং | মৌজার নাম | জে,এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৭) | পয়ধর | ৪৫ | রংপুর সদর | রংপুর |
| (৮) | চব্বিশ হাজারী | ৫০ | রংপুর সদর | রংপুর |
| (৯) | নিয়ামত | ৫১ | রংপুর সদর | রংপুর |
| (১০) | কুকরুল | ৬৩ | রংপুর সদর | রংপুর |
| (১১) | বধূ কমলা | ৮২ | রংপুর সদর | রংপুর |
| (১২) | কাছনা | ৮৪ | রংপুর সদর | রংপুর |
| (১৩) | বীর চরন | ৮৫ | রংপুর সদর | রংপুর |
| (১৪) | বীরভদ্র | ৮৯ | রংপুর সদর | রংপুর |
| (১৫) | নাছনীয়া | ৮৮ | রংপুর সদর | রংপুর |
| (১৬) | হরিরামপুর | ১০০ | রংপুর সদর | রংপুর |
| (১৭) | সম্মানীপুর | ১০৩ | রংপুর সদর | রংপুর |
| (১৮) | দূর্গাপুর | ১২৫ | রংপুর সদর | রংপুর |
| (১৯) | রাজু খা | ১৪৫ | রংপুর সদর | রংপুর |
| (২০) | আজিজুল্যা | ১৪৬ | রংপুর সদর | রংপুর |
| (২১) | হোসেন নগর | ১৪৭ | রংপুর সদর | রংপুর |
| (২২) | তালুক রঘু | ১৪৮ | রংপুর সদর | রংপুর |
| (২৩) | কিসমত মাধবপুর | ১৫৩ | রংপুর সদর | রংপুর |
| (২৪) | বড়বিল | ১১ | গঙ্গাচড়া | রংপুর |
| (২৫) | সাতআনী সেরপুর | ১৫ | গঙ্গাচড়া | রংপুর |
| (২৬) | চান্দামারী | ১৭ | গঙ্গাচড়া | রংপুর |
| (২৭) | খাপড়িখাল | ১৮ | গঙ্গাচড়া | রংপুর |
| (২৮) | লালচাঁদপুর | ২২ | গঙ্গাচড়া | রংপুর |
| (২৯) | দক্ষিণ খলেয়া | ২৪ | গঙ্গাচড়া | রংপুর |
| (৩০) | বেতগাড়ি | ২৭ | গঙ্গাচড়া | রংপুর |
| (৩১) | পূর্ব খলেয়া | ২৮ | গঙ্গাচড়া | রংপুর |
| (৩২) | উত্তর পানাপুকুর | ৩০ | গঙ্গাচড়া | রংপুর |
| (৩৩) | ঘাগটটারী | ৩১ | গঙ্গাচড়া | রংপুর |
| (৩৪) | ঠাকুরদহ | ৩২ | গঙ্গাচড়া | রংপুর |
| (৩৫) | ভুটকা | ৩৮ | গঙ্গাচড়া | রংপুর |
| (৩৬) | নিলকচন্ডী | ৪১ | গঙ্গাচড়া | রংপুর |
| (৩৭) | মান্দ্রাইন পশ্চিমপাড়া | ৪৩ | গঙ্গাচড়া | রংপুর |
| (৩৮) | মান্দ্রাইন পূর্বপাড়া | ৫১ | গঙ্গাচড়া | রংপুর |
| (৩৯) | দিলালপুর | ০১ | বদরগঞ্জ | রংপুর |
| (৪০) | মৌয়া গাছ | ০২ | বদরগঞ্জ | রংপুর |
| (৪১) | ডাঙ্গাপাড়া | ০৩ | বদরগঞ্জ | রংপুর |
| (৪২) | গোপীনাথপুর | ০৪ | বদরগঞ্জ | রংপুর |
| (৪৩) | আরাজি দিলালপুর | ০৬ | বদরগঞ্জ | রংপুর |
| (৪৪) | রাধানগর পাঠানপাড়া | ০৮ | বদরগঞ্জ | রংপুর |
| (৪৫) | উত্তর মুকসুদপুর | ১৩ | বদরগঞ্জ | রংপুর |
| (৪৬) | উত্তর রামনাথপুর | ১৪ | বদরগঞ্জ | রংপুর |
| (৪৭) | দক্ষিণ রামনাথপুর | ১৫ | বদরগঞ্জ | রংপুর |
| (৪৮) | বছরাজপুর | ২৭ | বদরগঞ্জ | রংপুর |
| (৪৯) | শিবপুর | ২৮ | বদরগঞ্জ | রংপুর |
| (৫০) | বসন্তপুর | ২৯ | বদরগঞ্জ | রংপুর |
| (৫১) | কিসমত বসন্তপুর | ৩০ | বদরগঞ্জ | রংপুর |
| (৫২) | নন্দনপুর | ৩১ | বদরগঞ্জ | রংপুর |
| (৫৩) | বুজরুক বাগবার | ৪০ | বদরগঞ্জ | রংপুর |
| (৫৪) | বুজরুক হাজীপুর | ৪৫ | বদরগঞ্জ | রংপুর |
| (৫৫) | লোহানী পাড়া | ৪৯ | বদরগঞ্জ | রংপুর |

| ক্রমিক নং | মৌজার নাম | জে,এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৫৬) | গোপালপুর | ৫৪ | বদরগঞ্জ | রংপুর |
| (৫৭) | হরগোবিন্দ | ০৪ | পীরগাছা | রংপুর |
| (৫৮) | সচাষ | ১১ | পীরগাছা | রংপুর |
| (৫৯) | তৈয়ব | ১৫ | পীরগাছা | রংপুর |
| (৬০) | গুঞ্জর খা | ১৬ | পীরগাছা | রংপুর |
| (৬১) | পারুল তালুক | ২১ | পীরগাছা | রংপুর |
| (৬২) | বিরাহিম | ২৬ | পীরগাছা | রংপুর |
| (৬৩) | সেচাকান্দি | ২৭ | পীরগাছা | রংপুর |
| (৬৪) | অভিরাম | ২৮ | পীরগাছা | রংপুর |
| (৬৫) | পশুয়া | ৩৩ | পীরগাছা | রংপুর |
| (৬৬) | সাতভিটা | ৪০ | পীরগাছা | রংপুর |
| (৬৭) | নরসিংহ | ৪১ | পীরগাছা | রংপুর |
| (৬৮) | শ্রীকান্ত | ৪২ | পীরগাছা | রংপুর |
| (৬৯) | ইটাকুমারী | ৪৩ | পীরগাছা | রংপুর |
| (৭০) | যাদুলস্কর | ৪৫ | পীরগাছা | রংপুর |
| (৭১) | পঞ্চানন | ৪৮ | পীরগাছা | রংপুর |
| (৭২) | নবুচালুনিয়া | ৫৪ | পীরগাছা | রংপুর |
| (৭৩) | নবু পাঠান পাড়া | ৫৮ | পীরগাছা | রংপুর |
| (৭৪) | ভরাট্রজানপুর | ১৩ | পীরগঞ্জ | রংপুর |
| (৭৫) | টুকুরিয়া | ১৫ | পীরগঞ্জ | রংপুর |
| (৭৬) | দক্ষিণ দুর্গাপুর | ২৯ | পীরগঞ্জ | রংপুর |
| (৭৭) | গোপীনাথপুর | ৩৪ | পীরগঞ্জ | রংপুর |
| (৭৮) | লক্ষীপুর ঠাকুরদাস | ৪০ | পীরগঞ্জ | রংপুর |
| (৭৯) | লছিমনপুর | ৪৪ | পীরগঞ্জ | রংপুর |
| (৮০) | মদনখালী | ৪৬ | পীরগঞ্জ | রংপুর |
| (৮১) | পাকুরিয়া | ৬৫ | পীরগঞ্জ | রংপুর |
| (৮২) | ভেন্ডা বাড়ী | ৬৬ | পীরগঞ্জ | রংপুর |
| (৮৩) | ছোট আমবাড়ী | ৬৮ | পীরগঞ্জ | রংপুর |
| (৮৪) | ভীমশহর | ১১২ | পীরগঞ্জ | রংপুর |
| (৮৫) | মথুরাপুর | ১১৯ | পীরগঞ্জ | রংপুর |
| (৮৬) | মহামুদপুর | ১২৫ | পীরগঞ্জ | রংপুর |
| (৮৭) | এনায়েতপুর | ১৯৭ | পীরগঞ্জ | রংপুর |
| (৮৮) | সয়ার | ১০ | তারাগঞ্জ | রংপুর |
| (৮৯) | দামোদরপুর | ২৫ | তারাগঞ্জ | রংপুর |
| (৯০) | খলেয়া নন্দরাম | ২৬ | তারাগঞ্জ | রংপুর |
| (৯১) | জগদিশপুর | ২৯ | তারাগঞ্জ | রংপুর |
| (৯২) | কাচনা | ৩০ | তারাগঞ্জ | রংপুর |
| (৯৩) | উদয় নারায়ন মাছহারী | ১০ | কাউনিয়া | রংপুর |
| (৯৪) | রাম নাথ | ৩৪ | কাউনিয়া | রংপুর |
| (৯৫) | প্রাণ নাথ | ৪৬ | কাউনিয়া | রংপুর |
| (৯৬) | আরাজি হরিশ্বর | ৫০ | কাউনিয়া | রংপুর |
| (৯৭) | পাঁজরভাঙ্গা | ৫৩ | কাউনিয়া | রংপুর |
| (৯৮) | হলদী বাড়ী | ৫৭ | কাউনিয়া | রংপুর |
| (৯৯) | বেটুবাড়ী | ৫৮ | কাউনিয়া | রংপুর |
| (১০০) | হরিচরন লস্কর | ৬৩ | কাউনিয়া | রংপুর |
| (১০১) | তালুক সাহাবাজ | ৬৫ | কাউনিয়া | রংপুর |
| (১০২) | শুভাঘাট | ৬৬ | কাউনিয়া | রংপুর |
| (১০৩) | সনসনাতাড়ী | ৬৮ | কাউনিয়া | রংপুর |
| (১০৪) | নিলাম খরিদা সদরা | ৭৮ | কাউনিয়া | রংপুর |

| ক্রমিক নং | মৌজার নাম | জে,এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১০৫) | জগন্নাথপুর | ৫২ | মিঠাপুকুর | রংপুর |
| (১০৬) | জোত গোকুল | ১৩২ | মিঠাপুকুর | রংপুর |
| (১০৭) | পাইকন | ১৪৯ | মিঠাপুকুর | রংপুর |
| (১০৮) | হরনারায়ণপুর | ১৫৯ | মিঠাপুকুর | রংপুর |
| (১০৯) | ভক্তিপুর | ১৬০ | মিঠাপুকুর | রংপুর |
| (১১০) | আঠারোকোঠা | ১৬৩ | মিঠাপুকুর | রংপুর |
| (১১১) | চুহর | ১৭০ | মিঠাপুকুর | রংপুর |
| (১১২) | সিঙ্গিকুড়া | ১৭৯ | মিঠাপুকুর | রংপুর |
| (১১৩) | জোতষষ্ঠি | ১৮৫ | মিঠাপুকুর | রংপুর |
| (১১৪) | জগদানন্দপুর | ১৯৭ | মিঠাপুকুর | রংপুর |
| (১১৫) | দূর্গাপুর | ২০১ | মিঠাপুকুর | রংপুর |
| (১১৬) | চাঁদপুর | ২০২ | মিঠাপুকুর | রংপুর |
| (১১৭) | লহিড়ীগঞ্জ | ২০৩ | মিঠাপুকুর | রংপুর |
| (১১৮) | ঠাকুরবাড়ী | ২০৪ | মিঠাপুকুর | রংপুর |
| (১১৯) | রাধানগর | ২০৫ | মিঠাপুকুর | রংপুর |
| (১২০) | ভগবানপুর | ২০৯ | মিঠাপুকুর | রংপুর |
| (১২১) | করিমপুর | ২১৩ | মিঠাপুকুর | রংপুর |
| (১২২) | আলীপুর | ২৩৯ | মিঠাপুকুর | রংপুর |
| (১২৩) | কুকরাহাট | ০৩ | সাঘাটা | রংপুর |
| (১২৪) | উল্যা | ০৮ | সাঘাটা | রংপুর |
| (১২৫) | মাঝবাড়ী | ৩১ | সাঘাটা | রংপুর |
| (১২৬) | গোড়েরপাড়া | ৬৭ | সাঘাটা | রংপুর |
| (১২৭) | রঘুনাথপুর | ০৪ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১২৮) | পুয়াগাড়ী | ১০ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১২৯) | পলাষষ্ঠি | ১২ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১৩০) | কামদিয়া | ১৪ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১৩১) | চাঙ্গুড়া | ২০ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১৩২) | মানিকপুর | ২৫ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১৩৩) | শাখাহার | ৩১ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১৩৪) | বইলগাঁও | ৩৪ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১৩৫) | বানিহারা | ৩৫ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১৩৬) | খাড়িতা | ৩৮ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১৩৭) | আয়ভাঙ্গী | ৪২ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১৩৮) | জানখুর | ৪৬ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১৩৯) | অভিরামপুর | ১৪৭ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১৪০) | মাড়িয়া | ১৫৮ | গোবিন্দগঞ্জ | রংপুর |
| (১৪১) | প্রতাপ | ১৪ | কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম |
| (১৪২) | তালুক কালুয়া | ১৭ | কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম |
| (১৪৩) | ধনঞ্জয় | ৩০ | কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম |
| (১৪৪) | কিসমত মালভাঙ্গা | ৩৭ | কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম |
| (১৪৫) | টাপরচর | ৪৬ | কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম |
| (১৪৬) | পূর্ব কুমারপুর | ৫৪ | কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম |
| (১৪৭) | কিসমত শিমুলবাড়ী | ০৩ | ফুলবাড়ী | কুড়িগ্রাম |
| (১৪৮) | জোতকৃষ্টহরি | ২১ | ফুলবাড়ী | কুড়িগ্রাম |

| ক্রমিক নং | মৌজার নাম | জে,এল, নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১৪৯) | কিসমত প্রাণকৃষ্ণ | ২০ | ফুলবাড়ী | কুড়িগ্রাম |
| (১৫০) | ঘোগারকুড়ি | ২৬ | ফুলবাড়ী | কুড়িগ্রাম |
| (১৫১) | সুজনের কুটি | ৩৮ | ফুলবাড়ী | কুড়িগ্রাম |
| (১৫২) | নগরাজপুর | ৪৭ | ফুলবাড়ী | কুড়িগ্রাম |
| (১৫৩) | উত্তর দলদলিয়া | ০৭ | উলিপুর | কুড়িগ্রাম |
| (১৫৪) | কাজী পাড়া | ০৯ | উলিপুর | কুড়িগ্রাম |
| (১৫৫) | আপুয়ার খাতা | ১০ | উলিপুর | কুড়িগ্রাম |
| (১৫৬) | দক্ষিণ দলদলিয়া | ২৫ | উলিপুর | কুড়িগ্রাম |
| (১৫৭) | দরি কিশোরপুর | ২৭ | উলিপুর | কুড়িগ্রাম |
| (১৫৮) | উমানন্দ | ৫৬ | উলিপুর | কুড়িগ্রাম |
| (১৫৯) | গৌরী বল্লভ | ৬৬ | উলিপুর | কুড়িগ্রাম |
| (১৬০) | শ্রী বল্লভ | ৭৩ | উলিপুর | কুড়িগ্রাম |
| (১৬১) | কিসমত মালতিবাড়ী | ৯৫ | উলিপুর | কুড়িগ্রাম |
| (১৬২) | বাঁকারায় মধুপুর | ৯৯ | উলিপুর | কুড়িগ্রাম |
| (১৬৩) | সাদী | ১০৫ | উলিপুর | কুড়িগ্রাম |
| (১৬৪) | ফুলগাছ | ১২ | লালমনিরহাট সদর | লালমনিরহাট |
| (১৬৫) | সাতপাটকী | ২৮ | লালমনিরহাট সদর | লালমনিরহাট |
| (১৬৬) | তালুক চুঙ্গাদাড়া | ৩৬ | লালমনিরহাট সদর | লালমনিরহাট |
| (১৬৭) | নামুড়ী হারাটি | ৩৯ | লালমনিরহাট সদর | লালমনিরহাট |
| (১৬৮) | আরজি চোঙ্গাদাড়া | ৪৩ | লালমনিরহাট সদর | লালমনিরহাট |
| (১৬৯) | ধনঞ্জয় | ৭১ | লালমনিরহাট সদর | লালমনিরহাট |
| (১৭০) | পূর্ব গুড়িয়াদহ | ৭২ | লালমনিরহাট সদর | লালমনিরহাট |
| (১৭১) | সিন্ধুরিয়া | ৭৮ | লালমনিরহাট সদর | লালমনিরহাট |
| (১৭২) | হাতুড়া | ৯৪ | লালমনিরহাট সদর | লালমনিরহাট |
| (১৭৩) | চলবলা মদনপুর | ৩৬ | কালিগঞ্জ | লালমনিরহাট |
| (১৭৪) | চলবলা | ৩৭ | কালিগঞ্জ | লালমনিরহাট |
| (১৭৫) | নওদাবস | ৪৪ | কালিগঞ্জ | লালমনিরহাট |
| (১৭৬) | সেবকদাস নিথক | ৪৬ | কালিগঞ্জ | লালমনিরহাট |
| (১৭৭) | ঝালঙ্গী | ০১ | পাটগ্রাম | লালমনিরহাট |
| (১৭৮) | শ্রীরামপুর | ০২ | পাটগ্রাম | লালমনিরহাট |
| (১৭৯) | ইসলামপুর | ০৪ | পাটগ্রাম | লালমনিরহাট |
| (১৮০) | কিসামত নিজজমা | ১৩ | পাটগ্রাম | লালমনিরহাট |
| (১৮১) | ভান্ডারদহ | ২৫ | পাটগ্রাম | লালমনিরহাট |
| (১৮২) | গুরুপাড়া | ৩৬ | পাটগ্রাম | লালমনিরহাট |
| (১৮৩) | জোংড়া | ৩৮ | পাটগ্রাম | লালমনিরহাট |
| (১৮৪) | কিসমত ডাঙ্গী | ১৪ | সৈয়দপুর | লালমনিরহাট |
| (১৮৫) | মুসরতধুলিয়া | ২০ | সৈয়দপুর | লালমনিরহাট |
| (১৮৬) | ছইল | ২১ | সৈয়দপুর | লালমনিরহাট |
| (১৮৭) | আইসঢাল | ২৯ | সৈয়দপুর | লালমনিরহাট |
| (১৮৮) | পশ্চিম কচুয়া | ৪৭ | সৈয়দপুর | লালমনিরহাট |
| (১৮৯) | মিছনী কন্ডা | ৬৩ | সৈয়দপুর | লালমনিরহাট |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শিব্বির আহমদ উছমানী**
সহকারী সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**উন্নয়ন শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২০ ভাদ্র ১৪২১/০৪ সেপ্টেম্বর ২০১৪

নং **০৫.০০.০০০০.১০৭.০০.০০৩.২০১৪-৭৮।**বিভাগীয় কমিশনার, ঢাকা'র কার্যালয়ের নতুন ভবন নির্মাণের লক্ষ্যে প্রাপ্ত জমি বন্টন করার উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় ২০১৩-২০১৪ অর্থ বছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটভুক্ত প্রকল্প/নির্মাণ কাজ বাস্তবায়ন সংক্রান্ত মাসিক এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুসারে নিম্নরূপ কমিটি গঠন করা হলো ঃ

বিভাগীয় কমিশনার, ঢাকা'র নতুন অফিস ভবন নির্মাণ সংক্রান্ত কমিটি ঃ

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) বিভাগীয় কমিশনার, ঢাকা

(৩) যুগ্মসচিব (উন্নয়ন), জনপ্রশাসন মন্ত্রণালয়

(৪) জেলা প্রশাসক, ঢাকা

(৫) যুগ্মসচিব, গৃহায়ন ও গণপূর্ত অধিদপ্তর

(৬) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর

(৭) সহকারী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর

**সদস্য-সচিব**

(৮) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ঢাকা

**কমিটির কার্যপরিধি ঃ** প্রচলিত আইন ও বিধি-বিধান অনুসারে বিভাগীয় কমিশনার ঢাকা'র কার্যালয়ে নতুন ভবন নির্মাণের লক্ষ্যে প্রাপ্ত জমি বন্টন করার প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন।

নং **০৫.০০.০০০০.১০৭.০০.০০৩.২০১৪-৭৯।**জেলা প্রশাসক, ঢাকা'র কার্যালয়ের নতুন ভবন নির্মাণের লক্ষ্যে স্থান নির্বাচনের জন্য প্রাপ্ত জমি বন্টন করার উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় ২০১৩-২০১৪ অর্থ বছরের উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটভুক্ত প্রকল্প/নির্মাণ কাজ বাস্তবায়ন সংক্রান্ত মাসিক এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুসারে নিম্নরূপ কমিটি গঠন করা হলো ঃ

জেলা প্রশাসক, ঢাকা'র নতুন অফিস ভবন নির্মাণের লক্ষ্যে স্থান নির্বাচন সংক্রান্ত কমিটি ঃ

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) বিভাগীয় কমিশনার, ঢাকা

(৩) যুগ্মসচিব (উন্নয়ন), জনপ্রশাসন মন্ত্রণালয়

(৪) জেলা প্রশাসক, ঢাকা

(৫) যুগ্মসচিব, গৃহায়ন ও গণপূর্ত অধিদপ্তর

(৬) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর

(৭) সহকারী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর

**সদস্য-সচিব**

(৮) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঢাকা

**কমিটির কার্যপরিধি ঃ** প্রচলিত আইন ও বিধি-বিধান অনুসারে জেলা প্রশাসক ঢাকা'র কার্যালয়ে নতুন ভবন নির্মাণের লক্ষ্যে প্রাপ্ত জমি বন্টন করার প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাদিরা সুলতানা**
সিনিয়র সহকারী সচিব।

---

**[একই নম্বর ও তারিখের সরকারি আদেশের স্থলাভিষিক্ত হইবে ]**

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১ সেপ্টেম্বর ২০১৪

**নং ৫১.০০.০০০০.৩১০.২৭.০০৯.১৩/১২৮**—যেহেতু, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট জনাব সৈয়দ আশরাফ উল ইসলাম MRVA বিষয়ক মতবিনিময় ও প্রশিক্ষণ সংক্রান্ত USA সফর প্রসঙ্গে কর্ম অধিক্ষেত্রের বাহিরে উর্ধ্বতন কর্মকর্তাগণ সম্পর্কে বিরূপ মন্তব্য করে তার ব্যক্তিগত ই-মেইল থেকে বিশ্ব ব্যাংকের সহায়তাপুষ্ট ECRRP-D1 প্রকল্পের Task Team Leader জনাব মাসুদ আহমেদ এর নিকট বার্তা প্রেরণ, বিলুপ্ত ডিএমবি কর্তৃক আমদানিকৃত রেসকিউ রোপ চুরি/হারিয়ে যাওয়া বিষয়ে তদন্তে সহযোগিতা না করা, জরুরি সাড়াদান কেন্দ্রে দায়িত্ব পালন না করা এবং TOR অনুযায়ী ১ বছরের সম্পাদিত কাজের বিবরণ দাখিল না করা ইত্যাদি অভিযোগ আনায়ন করে এ মন্ত্রণালয়ের ২৩-০২-২০১৪ তারিখের ৫১.০০.০০০০.৩১০.২৭.০০৯.১৩-২৪ সংখ্যক স্মারকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধান মোতাবেক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু এবং কৈফিয়ত তলব করা হয় এবং জনাব কামরুল হাসান উপ সচিব (দুব্যক-১), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা অভিযোগসমূহ তদন্ত করে ২৮-৮-২০১৪ খ্রিঃ তারিখে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

যেহেতু, তদন্তে USA সফর সম্পর্কে কর্ম অধিক্ষেত্রের বাহিরে উর্ধ্বতন কর্মকর্তাগণের বিষয়ে বিরূপ মন্তব্য করে তার ব্যক্তিগত ই-মেইল থেকে ECRRP-D1 প্রকল্পের Task Team Leader জনাব মাসুদ আহমেদ এর নিকট বিনা অনুমতিতে বার্তা প্রেরণ সংক্রান্ত অভিযোগে অভিযুক্ত কর্মকর্তাকে অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে তদন্তকারী কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন। উক্তরূপ অসদাচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী একটি শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু, এক্ষণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) এর অভিযোগে অভিযুক্ত কর্মকর্তা জনাব সৈয়দ আশরাফ উল ইসলামকে অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২) (বি) বিধিতে তার বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ২ বছরের জন্য অ-ক্রম বর্ধিষ্ণু (Noncumulative) ভাবে স্থগিত করা হল। বেতন বৃদ্ধির স্থগিতকাল অতিক্রান্ত হওয়ার পর উক্ত সময়কাল পরবর্তী বেতন বৃদ্ধিতে গণনা করা হবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মেছবাহ উল আলম**
সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**মৎস্য-১ অধিশাখা**

**শোক প্রস্তাব**

তারিখ, ৩ সেপ্টেম্বর ২০১৪

**নং ৩৩.০০.০০০০.২৬.০৫.০৫৪.১৩-৪১০**—গভীর শোক ও দুঃখের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব বেলাল হোসেন, খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার, ফেনী সদর, ফেনী বিগত ২৫-০৭-২০১৪ তারিখ রোজ শুক্রবার সকাল ৭.৩০ ঘটিকায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ফেনী ডায়াবেটিকস হাসপাতালে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৫ বছর ০৫ মাস ২৪ দিন।

২। মরহুম বেলাল হোসেন, ফেনী পরশুরাম উপজেলাধীন পূর্ব অলকা গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ০২-০২-১৯৫৯ তারিখে জন্ম গ্রহণ করেন। তিনি ০৩-০৩-১৯৮৫ তারিখে মৎস্য জরিপ কর্মকর্তা হিসেবে মৎস্য অধিদপ্তরে কর্মজীবন শুরু করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, সন্তান, আত্মীয়স্বজন এবং বহু গুণগ্রাহী রেখে গেছেন। তিনি চাকুরি জীবনে একজন অমায়িক, কর্তব্যপরায়ণ এবং নিষ্ঠাবান কর্মকর্তা হিসেবে পরিচিত ছিলেন।

৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম বেলাল হোসেন এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

**শেলীনা আফরোজা, পিএইচডি**
সচিব।

**শোক প্রস্তাব**

তারিখ, ৩ সেপ্টেম্বর ২০১৪

**নং ৩৩.০০.০০০০.২৬.০৫.০৫৪.১৩-৪১০**—গভীর শোক ও দুঃখের সাথে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মিকাইল হোসেন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), চিংড়ি চাষ প্রদর্শনী খামার, এল্লারচর, সাতক্ষীরা বিগত ১৯-৭-২০১৪ তারিখ রোজ শনিবার বিকাল ৪.৫০ ঘটিকায় ঢাকাস্থ গ্যাসট্রোলিভার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নাইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৪ বছর ০৬ মাস ১৮ দিন।

২। জনাব মোঃ মিকাইল হোসেন, সাতক্ষীরা জেলার কালীগঞ্জ উপজেলাধীন নওয়াপাড়া গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি ১৬-০৭-১৯৮৪ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য অধিদপ্তরে কর্মজীবন শুরু করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, সন্তান, আত্মীয়স্বজন এবং বহু গুণগ্রাহী রেখে গেছেন। তিনি চাকুরি জীবনে একজন অমায়িক, কর্তব্যপরায়ণ এবং নিষ্ঠাবান কর্মকর্তা হিসেবে পরিচিত ছিলেন।

৩। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম মোঃ মিকাইল হোসেন এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

**শেলীনা আফরোজা, পিএইচডি**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ২৩ অক্টোবর ২০১৪

**নং বিচার-৭/২এন-০১/২০১৩-৫০৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আতাউর রহমান, পিতা মৃত রিয়াজ উদ্দিন মুন্সী, মাতা মৃত সৈয়দন্নেছা, গ্রাম জোয়াল ভাঙ্গা, ডাকঘর জাহাঙ্গীরপুর, উপজেলা নান্দাইল, জেলা ময়মনসিংহ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলার ১২নং জাহাঙ্গীরপুর অধিক্ষেত্রের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। উল্লেখ্য, কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**মোহাম্মদ শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।